



২০২৫ সালের এইচ,এস,সি পরীক্ষার্থীদের ফরমপূরণের বিজ্ঞপ্তি

১. পরীক্ষার আবেদন ফরম পূরণের জন্য ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) শ্রেণির ছাত্রীদেরকে আগামী সোনালী ব্যাংকের নির্ধারিত অনলাইন পেমেট গেটওয়ে ব্যবহার করে ফরম পূরণের কাজ সম্পন্ন করতে হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ছাত্রীদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি আবেদন ফরম পূরণের অনুমতি দেওয়া হবে না। যদি কোন শিক্ষার্থীর লাইব্রেরী থেকে বই নেওয়া থাকে তাকে অবশ্যই লাইব্রেরী থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং ছাড়পত্রের কপি ফরমের সাথে প্রদর্শন করতে হবে।

অনলাইন ফি পরিশোধের লিংক : <https://sbl.com.bd:7070/HSCFee/Payment/FormFillUp> লিংকে প্রবেশ করে এসএসসি পরীক্ষার নিবন্ধন নং এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করে পেমেট সম্পন্ন করে পেমেট স্লিপ সংগ্রহ করে আবেদন ফরমের সাথে ক্যাশ কাউন্টারে জমা প্রদান করতে হবে। ফিস পেমেট স্লিপ এবং আবেদন ফরম ক্যাশ কাউন্টারে জমা প্রদান না করলে ফরম পূরণের কাজ সম্পন্ন হবে না এবং যে কোন জটিলতা সৃষ্টির জন্য কলেজ কর্তৃপক্ষ কোন দায়ভার বহন করবে না।

২. আবেদন ফরম ও জমাদানের তারিখ (জরিমানা ছাড়া)

নিয়মিত পরীক্ষার্থী (সকল বিভাগ)

আবেদন ফরম সংগ্রহ ও জমা

০৩/০৩/২০২৫ খ্রি. তারিখ থেকে ০৯/০৩/২০২৫ খ্রি. পর্যন্ত সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত

অনিয়মিত/জিপিএ উন্নয়ন ও এক/দুই বিষয় পরীক্ষার্থী

তালিকায় অর্ন্তভুক্তির জন্য আবেদন ফরম সংগ্রহ ও জমা

০৩/০৩/২০২৫

ফরমপূরণ

০৪/০৩/২০২৫ খ্রি. তারিখ থেকে ০৯/০৩/২০২৫ খ্রি.
পর্যন্ত সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত

৩. ফিসাদি : নিয়মিত - ১৩ পত্র ৯ ব্যবহারিক থাকলে ২৮৩৫.০০, ১৩ পত্র ৫ ব্যবহারিক থাকলে ২৫৫৫.০০, ১৩ পত্র ৩ ব্যবহারিক থাকলে ২৪১৫.০০, ১৩ পত্র ১ ব্যবহারিক থাকলে ২২৭৫.০০, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগে যদি ৪র্থ বিষয়ে ব্যবহারিক থাকে তাহলে উক্ত টাকার সাথে ১৪০/- টাকা যোগ করতে হবে। মানবিক বিভাগের কোন শিক্ষার্থীর যদি মূল বিষয়ে ব্যবহারিক থাকে তাহলে অতিরিক্ত আরো ১৪০/- টাকা যোগ করতে হবে। অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত ১০০/- টাকা প্রদান করতে হবে।

অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের বিবরণ

১পত্র ১ ব্যবহারিক থাকলে = ৯০৫.০০	৩ পত্র ৩ ব্যবহারিক থাকলে = ১২৬৫.০০
২পত্র ০ ব্যবহারিক থাকলে = ৯৪৫.০০	৪ পত্র ০ ব্যবহারিক থাকলে = ১১৬৫.০০
২পত্র ২ ব্যবহারিক থাকলে = ১০৮৫.০০	৪ পত্র ২ ব্যবহারিক থাকলে = ১৩০৫.০০
৩ পত্র ১ ব্যবহারিক থাকলে = ১১২৫.০০ (আইসিটি সহ ১ টি বিষয়ে)	৪ পত্র ৪ ব্যবহারিক থাকলে = ১৪৪৫.০০

৪. নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ যে সকল ছাত্রী দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয়নি এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ২০২৪ সালের যে সকল পরীক্ষার্থীরা ফরম পূরণ করেনি তারা পুনঃভর্তি বাবদ পূর্বে উল্লিখিত ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে ফি পরিশোধ পূর্বক দ্বাদশ শ্রেণিতে ভর্তি হতে হবে। ফরম পূরণের ফরম জমাদেওয়ার সময় অবশ্যই দ্বাদশ শ্রেণির ভর্তির রশিদ প্রদর্শন করতে হবে।

৫. পরীক্ষার অংশগ্রহণের যোগ্যতা :

ক) ২০২৩ - ২০২৪ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীরা ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।

খ) ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

গ) অকৃতকার্য পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।

৬. বিশেষ পরীক্ষার্থী (এক/একর অধীক বিষয়) : ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (৪র্থ বিষয়) বাদে অকৃতকার্য হয়েছে তারা এক/দুই বিষয়ে ২০২৫সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ইচ্ছা করলে তারা সকল বিষয়েই অংশগ্রহণ করতে পারবে।

৭. জিপিএ উন্নয়ন : ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালের পূর্বের কোন পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের জন্য ফরম পূরণ করতে এবং পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

৮. নির্ধারিত কাগজপত্র :

ক) কলেজের ওয়েবসাইট www.kgmc.ac.bd থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

খ) এসএসসি নিবন্ধন কার্ডের একটি ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

গ) অবশ্যই দ্বাদশ শ্রেণির ভর্তির রশিদ সাথে নিয়ে আসতে হবে।

ঘ) অনিয়মিত/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্বের উচ্চ মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন (রেজিস্ট্রেশন) কার্ড আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

০২/০৩/২০২৫

(প্রফেসর এ.বি.এম.ইকবাল আনোয়ার - ৭৩৯৭)

অধ্যক্ষ

খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা